

আমতলীতে ডুয়া ফলাফল

আমতলী (বরেনা) প্রতিনিধি •

বরেনার আমতলী উপজেলায় অনুষ্ঠিত চলতি বছরের প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার ফলাফল শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের কার্যালয় থেকে ঘুগিত করা হয়েছে। তবে গতকাল সোমবার সারা দেশের সঙ্গে এখানেও 'ফলাফল' প্রকাশ করেছে উপজেলা শিক্ষা কার্যালয়। এই ফলাফল ডুয়া, বলে অভিযোগ পাওয়া গেছে।

অভিযোগ পাওয়া গেছে, উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার সর্বশ্রমানে দায়িত্বপ্রাপ্ত সহকারী প্রাথমিক শিক্ষা কর্মকর্তা কাজী মনিরুজ্জামান ডুয়া ফলাফল তৈরি করে গতকাল বেলা ১২টার দিকে বিভিন্ন বিদ্যালয়ের প্রধান শিক্ষককে ডেকে তাঁদের হাতে তা তুলে দেন। আর এই ফলাফল প্রকাশের পরপরই তিনি অফিস থেকে পটকে পড়েন বলে কর্মচারীরা জানান।

এ খবর শুনে জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা জিহ্মুর রহমান বিষয় প্রকাশ করে বলেন, মহাপরিচালকের দপ্তর ও বরিশাল উপপরিচালকের দপ্তর থেকে এই উপজেলার ফলাফল প্রকাশে ঘুগিতমূল্য পাওয়া গেছে। কীভাবে উপজেলা শিক্ষা কার্যালয় থেকে এটি প্রকাশ করা হলো, সে ব্যাপারে খোঁজ নেওয়া হচ্ছে।

উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা জেসমিন আকতার ও আমতলী বন্দর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জিহ্মুর রহমানের বিরুদ্ধে এই বছরের সিএসসি পরীক্ষার উত্তরপত্রের গোপন কোড নম্বর ফাঁসের অভিযোগ ওঠে। ফলাফল ঘুগিতের দাবিতে গত বৃহস্পতিবার বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষার্থী-অভিভাবকেরা উপজেলা শিক্ষা কার্যালয়ের সামনে মানববন্ধন ও বিকোত করেন।